

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রাথমিক অবস্থা কেমন ছিল?

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ عِمْرَانَ، حَدَّتَنَا أَبُو دَاوُدَ، حَدَّتَنَا جَعْفَرُ بْنُ عُثْمَانَ الْقُرَشِيُّ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي ذَرِّ الْغِفَارِيِّ، قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، عُنْ أَبِي ذَرِّ الْغِفَارِيِّ، قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، كَيْفَ عَلِمْتَ أَنَّكَ نَبِيٌّ حَتَّى اسْتَيْقَنْتَ؟، فَقَالَ: " يَا أَبَا ذَرِّ، أَتَانِي مَلَكَانِ وَأَنَا بِبَعْضِ كَيْفَ عَلِمْتَ أَنَّكَ نَبِيٌّ حَتَّى اسْتَيْقَنْتَ؟، فَقَالَ: " يَا أَبَا ذَرِّ، أَتَانِي مَلَكَانِ وَأَنَا بِبَعْضِ بَطْحَاءِ مَكَّةَ فَوَقَعَ أَحَدُهُمَا عَلَي الْأَرْضِ، وَكَانَ الْآخَرُ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ، فَقَالَ بَعْمُ أَلَا يُولِنُهُ بِرَجُلٍ، فَوُزِنْتُ بِهِ فَوزَنْتُهُ بُهُ قَالَ فَزِنْهُ بِمِتَةٍ، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ، ثُمَّ قَالَ: فَزِنْهُ بِمِتَةٍ، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ، ثُمَّ قَالَ: وَنْهُ بِمِنَةٍ مُونَ عَلَيَ مِنْ خِقَةِ الْمِيزَانِ، قَالَ: فَقَالَ اللَّذَةُ لِللَّهُ مَا لِصَاحِبِهِ: لَوْ وَزَنْتُهُ بِأُمَّتِهِ لَرَجَحَهَا

إسناده منقطع عروة بن الزبير لم يدرك أبا ذر الغفاري ورجاله ثقات

বাংলা

১৪. আবী যার গিফারী রাদ্বিয়াল্লান্থ আনন্থ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি (রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম)কে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রাসূল! আপনি যে একজন নবী, একথা আপনি কিভাবে জানতে পারলেন, যাতে আপনি নিশ্চিত হন? তিনি বললেন: 'হে আবু যার! (একদা) আমি যখন মন্ধার কোন এক উপত্যকায় ছিলাম, তখন আমার নিকট দু'জন ফেরেশতা এল। তাদের একজন জমিনের উপর অবতরণ করল এবং অপরজন আসমান ও জমিনের মাঝামাঝি রইল। তাদের একজন অপরজনকে বলল: ইনিই কি তিনি? অপরজন বলল: হাঁ। সে বলল: তাঁকে একজন লোকের সাথে ওজন কর। আমাকে তার সাথে ওজন কর। হল আর আমি তার চেয়ে ভারী হয়ে গেলাম। তারপর সে বলল: তাঁকে দশজন লোকের সাথে ওজন কর। আমাকে তাদের সাথে ওজন কর। আমাকে (তাদের সাথে) ওজন করা হল।



আর আমি তাদের চেয়েও ভারী হয়ে গেলাম। আমি যেন তাদেরকে দেখতে পাচ্ছি যে, তারা ওজনের পাল্লা হতে আমার উপর ছিটকে পড়তে যাচ্ছে। তিনি বলেন: তারপর তাদের একজন অপরজনকে বলল: যদি তাঁকে তাঁর পুরো উম্মাতের সাথেও ওজন কর, তবু তিনি তাদের চেয়ে ভারী হয়ে যাবেন।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ বিচ্ছিন্ন। বাকী বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

তাখরীজ: বাযযার, আল মুসনাদ (কাশফুল আসতার, ৩/১১৫-১১৬ নং ২৩৭১); তাবারী, তারীখ ২/৩০৪-৩০৫; আবু নুয়াইম, দালাইল নং ১৬৭।

তবে ইবনু কাছীর তার সীরাত ২/২২৮-২২৯ এ হাদীসের অনুরূপ হাদীস উল্লেখ করে বলেন: এ সনদ উত্তম শক্তিশালী।' আর হাকিম তার মুসতাদরাক ২/৬০০ তে ইবনু কাছীরের বর্ণিত হাদীসের প্রথমাংশ বর্ণনা করেছেন। তবে এর রাবী আহমাদ ইবনু আব্দুল জাব্বার সম্পর্কে ইবনু হাজার বলেন: 'যয়ীফ, তবে সীরাতের ক্ষেত্রে তার শ্রবণ সহীহ।'

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন